

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮৬৯

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - দানের মর্যাদা ও কৃপণতার পরিণাম

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «السَّخِيُّ قَرِيبٌ مِنَ اللَّهِ قَرِيبٌ مِنَ الْجَنَّةِ قَرِيبٌ مِنَ النَّاسِ بَعِيدٌ مِنَ النَّارِ. وَالْبَخِيلُ بَعِيدٌ مِنَ اللَّهِ بَعِيدٌ مِنَ الْجَنَّةِ بَعِيدٌ مِنَ النَّاسِ قَرِيبٌ مِنَ النَّارِ. وَلَجَاهِلٌ سَخِيٌّ أَحَبُّ إِلَى اللَّهِ مِنْ عَابِدٍ بَخِيلٍ». رَوَاهُ التِّرْمِذِيُّ

বাংলা

১৮৬৯-[১১] আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ দানশীল ব্যক্তি আল্লাহর নিকটবর্তী, জান্নাতের নিকটবর্তী, জনগণের নিকটবর্তী (সকলের কাছেই দানশীল ব্যক্তি প্রিয়) এবং জাহান্নাম থেকে দূরবর্তী। কিন্তু কৃপণ ব্যক্তি (যে অর্জিত ধনের হক আদায় করে না) সে আল্লাহর থেকে দূরে, জান্নাত হতে দূরে, জনগণ থেকে দূরে এবং জাহান্নামের নিকটবর্তী। নিশ্চয়ই আল্লাহ তা'আলার নিকট আবিদ কৃপণ অপেক্ষা জাহিল দাতা অধিক প্রিয়। (তিরমিযী)[১]

ফুটনোট

[1] য'ঈফ : আত্ তিরমিযী ১৯৬১, শু'আবুল ঈমান ১০৩৫২, সিলসিলাহ্ আয্ য'ঈফাহ্ ১৫৪, য'ঈফ আত্ তারগীব ১৬৫৫, য'ঈফ আল জামি' আস্ সগীর ৩৩৪১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসের শব্দ (سَخِي) দানকারীর অর্থে ব্যবহৃত হয়েছে। অর্থাৎ দান করার কারণে আল্লাহর নৈকট্য অর্জনের মাধ্যমে দানকারী জান্নাত লাভ করতে সক্ষম হয়। আর (بَخِيل) অর্থাৎ কৃপণ এখানে ঐ ব্যক্তিকে বলা হয়েছেঃ যাকাত আদায়কারী হলো (سَخِي) আর যে তা আদায় করে না সে হলো কৃপণ।

হাদীসের শেষাংশে 'জাহিল' শব্দ দ্বারা উদ্দেশ্য যে 'আবিদ এর বিপরীত। অর্থাৎ যে ব্যক্তি ফরযসমূহ যথারীতি

আদায় করে কিন্তু নফল 'ইবাদাত তেমন একটি করে না অথচ সে দানকারী এই ব্যক্তি আল্লাহর নিকট ঐ ব্যক্তি থেকে উত্তম যে নফল 'ইবাদাতকারী বটে কিন্তু সে অত্যন্ত কৃপণ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56429>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন